

# দৈনিক ইত্তেফাক

তারিখ ... ২৬.৫.৫৩

পৃষ্ঠা... ২... কলাম... ৬...

## আগামীকাল ঢাকা

### বিশ্ববিদ্যালয়

#### খুলিবে

(ইত্তেফাক রিপোর্ট)

দেড় মাস পর আগামীকাল (মঙ্গলবার) ঢাকা বিশ্ববিদ্যালয় খুলিবে। আজ (সোমবার) হল-সমূহ খুলিয়া দেওয়া হইবে। ৩০শে জুলাই ক্যাম্পাসে ছাত্রদল ও ছাত্র লীগের (আ-অ) মধ্যে ভয়াবহ বন্দুক যুদ্ধের কারণে (২য় পৃ: ১-এর ক: ড:)

৬০

## ঢাকা বিশ্ববিদ্যালয়

(১ম পৃ: পর)

অনিদিষ্টকালের জন্য বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করা হয়। সন্ত্রাসীদের বিরুদ্ধে ব্যবস্থা নিয়া বিশ্ববিদ্যালয় খোলার প্রত্যয় ব্যক্ত করা হইলেও এ ব্যাপারে উল্লেখযোগ্য কোন অগ্রগতি হয় নাই। রবিবার বিশ্ববিদ্যালয়ের শিক্ষা

পরিবেশ পরিষদের সভায় ক্যাম্পাসের পরিস্থিতি সম্পর্কে সংশয় প্রকাশ করিয়া সন্ত্রাস প্রতিরোধের লক্ষ্যে পুনরায় রাজনৈতিক দল-সমূহের সহযোগিতা কামনা করা হইয়াছে। গত দেড় মাস বিশ্ববিদ্যালয় বন্ধ থাকিলেও ক্যাম্পাসে সন্ত্রাসীদের আনাগোনা অব্যাহত ছিল। একাধিকবার ভাঙ্গচুরের ঘটনা ঘটিয়াছে।